গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ধনবাড়ী, টাঙ্গাইল
www.doict.dhanbari.tangail.gov.bd

প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভূক্তিমূলক
উন্নতি

DoICT

## উপজেলা আইসিটি কমিটির এপ্রিল/২০২৫ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শাহীন মাহমুদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, ধনবাড়ী, টাঙ্গাইল। |
| সভার স্থান | : | সভাকক্ষ, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল। |
| সভার তারিখ ও সময় | : | ১৬/০৪/২০২৪, বেলা ১২.৩০ ঘটিকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসারের অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহে আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা | সভার শুরুতে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত উপস্থাপন করা হয়। সিদ্ধান্তসমূহে কারোর দ্বিমত না থাকায় সেগুলো দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান (সকল) |
| ২ | ওয়েব পোর্টাল সংক্রান্ত | সভায় জানানো হয় যে, উপজেলার ওয়েবসাইট গুলোর বিভিন্ন তথ্যাদি হালনাগাদ করা নেই। সভাপতি, সংশ্লিষ্ট তথ্যাদি যথাযথভাবে হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন। | সংশ্লিষ্ট দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| ৩ | ডি-নথি সংক্রান্ত | সভায় অবহিত করা হয় যে, অত্র উপজেলার বেশিভাগ অফিস ডি-নথিতে লাইভে নেই। সকল অফিসগুলোকে ডি-নথি লাইভে নেয়ার বিষয়টি জরুরি বলে উপস্থাপন করা হলে উপস্থিত সকলে একমত রয়েছেন মর্মে মত প্রকাশ করেন। | সকল অফিসকে ডি-নথিতে লাইভে আনার চেষ্টা অব্যাহত রাখতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| ৪ | সাইবার বুলিং সংক্রান্ত | সাইবার বুলিং এর বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সদস্য সচিব সভায় উপস্থাপন করেন। তাছাড়া, সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন মর্মে উল্লেখ করা হলে সকলে এ বিষয়ে একমত পোষণ করেন। | ৪.১ কিশোর-কিশোরী সাইবার অপরাধ বা সাইবার বুলিং এর শিকার হলে তাদের সহায়তা করতে হবে;<br>৪.২ সাইবার অবরাধ বা সাইবার বুলিং সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত), সহকারী প্রোগ্রামার এবং স্কুল/কলেজের প্রতিষ্ঠান প্রধান (সকল) |

CamScanner

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫ | উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের জমি বরাদ্দ সংক্রান্ত | সভায় জানানো হয় যে, সংশ্লিষ্ট প্রকল্পটি চলমান রয়েছে, বর্ণিত সেন্টার স্থাপনের জন্য জমির বরাদ্দ চূড়ান্ত করার জন্য জানানো হলেও এর অগ্রগতি লক্ষ্য করা যায়নি মর্মে উপস্থাপন করা হয়। | উপজেলা কমপ্লেক্সের মধ্যে উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের স্থান নির্বাচন করে প্রতিবেদন দিতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী |
| ৬ | আইসিটিডি ডিজিটাল ল্যাব ও স্কুল অব ফিউচার পরিদর্শন সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, ধনবাড়ীতে মোট ১৬ টি ল্যাব ও ০১ টি স্কুল অব ফিউচার আছে বলে সভাকে অবহিত করা হয়। আগামী ডিসেম্বর মাসে ০৪টি ল্যাব/ স্কুল অব ফিউচার পরিদর্শন করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। | ল্যাবগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |
| ৭ | সাইবার নিরাপত্তা সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, জনসচেতনতামূলক ক্যাম্পেইন ও সাইবার বেস্ট প্র্যাক্টিজসমূহ মেনে চলার পরামর্শ দেয়া যায়। সেক্ষেত্রে জনগন অনলাইন জালিয়াতির বিষয়ে সচেতন হতে পারবে। এক্ষেত্রে মহিলা ও শিক্ষার্থীরা বেশি সমস্যায় পড়ছেন মর্মে উল্লেখ করা হয়। | নাগরিকগণ সাইবার নিরাপত্তা সংক্রান্ত সমস্যায় পড়লে তাদের প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |
| ৮ | প্রকল্প বরাদ্দ সংক্রান্ত | অত্র উপজেলায় আইসিটি বিভাগ ও অধিদপ্তরের আওতাধীন চলমান প্রকল্পসমূহ যেমন, হার পাওয়ার প্রজেক্ট, ইডিসি প্রজেক্ট এর জনসম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প বরাদ্দ প্রদান করার অনুরোধ করা যায় মর্মে সভায় আলোচনা হয়। | আইসিটি খাতে জনসম্পৃক্ত ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প বাজেট প্রাপ্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |
| ৯ | সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত | সভায় আলোচনা হয় যে, আইসিটি সংশ্লিষ্ট যেমন, ডি-নথি, ওয়েব পোর্টাল, সাইবার বুলিং, সাইবার সচেতনতা, ফ্রি-ল্যান্সিং, আইসিটি খাতে নারীর ক্ষমতায়ন ইত্যাদি প্রশিক্ষণ ও সেমিনারের আয়োজন করা যায় এবং সংশ্লিষ্ট বরাদ্দ দাবি করা যায়। তাছাড়া, স্কুল অব ফিউচারে কলেজের শিক্ষার্থীদের নিয়ে প্রোগ্রামিং প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, প্রশিক্ষণ পরিচালনার বাজেট প্রাপ্তির নিমিত্ত একটি পত্র আইসিটি অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। | সংশ্লিষ্ট সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী প্রোগ্রামার (উপজেলা আইসিটি অফিসার) |

CamScanner

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | বিবিধ | সভাপতি সকলকে সামাজিক যোগাযোগ মাধ্যমের গুজব এবং অপ-প্রচার থেকে বিরত থাকার পরামর্শ প্রদান করেন। | সামাজিক যোগাযোগ মাধ্যমের গুজব এবং অপ-প্রচার থেকে বিরত থাকতে হবে। | দপ্তর প্রধান (সকল) |

১৬.০৪.২৫

(মো: শাহীন মাহমুদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
ধনবাড়ী, টাঙ্গাইল

স্মারক নং: ৫৬.০৪.৯৩২৫.০০০.১৯.০০১.২০-

তারিখ: ১৬/০৪/২০২৫ ইং

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা;
২. অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঢাকা;
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল;
৪. জেলা আইসিটি অফিসার (প্রোগ্রামার), জেলা কার্যালয়, টাঙ্গাইল;
৫. দপ্তর প্রধান (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল;
৬. প্রশাসনিক কর্মকর্তা, ধনবাড়ী, টঙ্গাইল (সভাপতি মহোদয়ের সদয় অবগতির জন্য);
৭. সিএ টু ইউএনও/চেয়ারম্যান, ধনবাড়ী, টঙ্গাইল;
৮. অফিস কপি।

(মো: নাঈম খান)
সহকারী প্রোগ্রামার (উপজেলা
আইসিটি অফিসার)

CamScanner